

নিলাম বিজ্ঞপ্তি

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত কনডেম ঘোষিত ওএন্ডএম স্টোরের অব্যবহারযোগ্য বিভিন্ন প্রকার হার্ডওয়্যার/লৌহ জাতীয় মালামাল/বিভিন্ন ধরনের মিটার এবং কনডেম ঘোষিত ০১টি জিপ গাড়ি ও ০২টি সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ি যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে গ্রুপ-ক/খ/গ এর নির্ধারণকৃত পৃথক পৃথক প্যাকেজে দর প্রস্তাবের নিমিত্ত আহ্বানী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হইতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাইতেছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ (কেজি/সংখ্যা)	সর্বনিম্ন একক নিলাম মূল্য (টাকা)	দরদাতা কর্তৃক দাখিলকৃত মূল্য	
				একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	২	৩	৪	৫	৬
গ্রুপ-ক					
প্যাকেজ নং- ২০২০- ২১/কুমিল্লা পবিস- ২/প্রশাসন/০৬	১	হার্ডওয়্যার, লৌহ জাতীয় (পবিবো/বিউবো) ওএন্ডএম	২৪১৯৮.১৫ কেজি	২৫.০০	
	২	হার্ডওয়্যার, লৌহ জাতীয় (পবিবো/বিউবো) ইউআরইডিএস	৪২২.৬৬ কেজি	২৫.০০	
গ্রুপ-খ					
প্যাকেজ নং- ২০২০- ২১/কুমিল্লা পবিস- ২/প্রশাসন/০৭	১	এক ফেজ মিটার (জে-১)	২৭২৩৭টি	৬০.০০	
	২	এক ফেজ ডিজিটাল মিটার (জে-৩৯)	৬৭৫৩টি	১২.০০	
	৩	এক ফেজ মিটার (জে-১৬)	৩টি	১২.০০	
	৪	এক ফেজ মিটার, বিউবো(পিডিবি-৭৯)	৮৭২টি	৬০.০০	
	৫	তিন ফেজ মিটার, বিউবো(পিডিবি-৮০)	৫৯টি	৬০.০০	
	৬	তিন ফেজ ডিজিটাল মিটার (জে-২)	১১৯টি	৬০.০০	
	৭	তিন ফেজ ডিজিটাল মিটার (জে-৩)	৫৩টি	৬০.০০	
	৮	তিন ফেজ ডিজিটাল মিটার (জে-৪)	২৫টি	৬০.০০	
গ্রুপ-গ					
প্যাকেজ নং- ২০২০- ২১/কুমিল্লা পবিস- ২/প্রশাসন/০৮	১	জিপ গাড়ি (TOYOTA LAND CRUISER), (PRADO), Jeep. সিসি-২৬৯৪ রেজিঃ নং-কুমিল্লা-ঘ-১১-০০৩৬ ইঞ্জিঃ নং-3Rz-3282003 চেসিস নং- JPE-BM-91J00-7500090 মডেলঃ ২০০৪, রং- সাদা।	০১টি	৭,০০,০০০.০০	
প্যাকেজ নং- ২০২০- ২১/কুমিল্লা পবিস- ২/প্রশাসন/০৯	১	পিক-আপ (সিঙ্গেল কেবিন) (২৩৮৯ সিসি), নিশান, জাপান রেজিঃ নং- কুমিল্লা-ঠ-১১-০০৪০	০১টি	১,৯০,০০০.০০	
প্যাকেজ নং- ২০২০- ২১/কুমিল্লা পবিস- ২/প্রশাসন/১০	১	পিক-আপ (সিঙ্গেল কেবিন) (২৩৮৯ সিসি), নিশান, জাপান রেজিঃ নং- কুমিল্লা-ঠ-১১-০০৪১	০১টি	২,২০,০০০.০০	

শর্তাবলীঃ

- আহ্বানী দরদাতাগণ আগামী ১০-০৮-২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় সীলমোহরকৃত দর প্রস্তাবনা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, বিশ্বরোড, পোঃ আহম্মদ নগর, কুমিল্লায় রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করিতে পারিবেন। দাখিলকৃত নিলাম দরপত্র একই দিন অর্থাৎ আগামী ১০/০৮/২০২০খ্রিঃ তারিখ বেলা ১২ঃ৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাইবে না।
- দরপত্রের সহিত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক/কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ক্যাশ শাখা হইতে উদ্ধৃত নিলাম দরের ২৫% (শতকরা পঁচিশ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/পবিস'র ক্যাশ শাখায় নগদ জমাদানের মাধ্যমে প্রাপ্ত রশিদ জামানত হিসাবে (যাহা বিক্রয়াদেশ প্রাপ্ত না হইলে ফেরৎ যোগ্য) সংযুক্ত করিতে হইবে। নিরাপত্তা জামানত ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে "নিলাম দরপত্র" কথাটি লিখিতে হইবে। বর্ণিত মালামালের জন্য গ্রুপ-ক/খ/গ এর নির্ধারণকৃত পৃথক পৃথক প্যাকেজ নাম্বারের বিপরীতে প্রতিটি প্যাকেজের সর্বনিম্ন একক নিলাম দরের নিচে কোন নিলাম মূল্য গ্রহণযোগ্য হইবে না।
- আহ্বানী দরদাতাগণ সকল আইটেম অথবা পৃথক পৃথক প্যাকেজের বিপরীতে মালামালের একক দর দাখিল করিতে পারিবেন। তবে প্রতিটি যানবাহনের জন্য আলাদা আলাদা দর উদ্ধৃত করিতে হইবে এবং প্যাকেজ ভিত্তিক মূল্যায়ন করা হইবে। এক্ষেত্রে দরপত্রের খামের উপর যানবাহন রেজিস্ট্রেশন নং স্পষ্ট করিয়া লিখিতে হইবে। সকল ক্ষেত্রে প্যাকেজভিত্তিক সর্বোচ্চ দর দাখিলকারী বৈধ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হইবে।
- কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করিয়া মালামালসমূহ ডেলিভারী গ্রহণ করিতে হইবে। অন্যথায় বিক্রয়াদেশ বাতিলসহ দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হইবে। উল্লেখ্য যে, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে নগদায়নের পর মালামাল ডেলিভারী দেওয়া হইবে।
- কৃতকার্য দরদাতাকে সরকারি বিধি মোতাবেক মোট উদ্ধৃত মূল্যের ৫% উৎস কর ও ৭.৫% ভ্যাটসহ অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করিতে হইবে।
- বর্ণিত মালামালসমূহ প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) আগামী ০৯-০৮-২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, উত্তর রামপুর (বিশ্বরোড), কুমিল্লায় পরিদর্শন করা যাইবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাইবে।
- পবিস কর্তৃপক্ষ কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।
- শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

যোগাযোগ

০১৭৬৯৪০০৩৭৫

মোঃ জাহাঙ্গীর আলী
সিনিয়র জেনারেল ম্যানেজার